গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় মতবিনিময় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মো. সহিদউল্যাহ<br>অতিরিক্ত সচিব (সিপিটি) |
| সভার তারিখ | ২৩ মার্চ ২০২৩ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থান | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, সিপিটি মহোদয়ের কক্ষ [ভবন নং-০৩, কক্ষ নং-১০১] জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান।

২। সিপি-৩ শাখার অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপসচিব (সিপি-২) সভাকে জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত অধিকাংশ সেবার সেবাগ্রহীতা সরকারি কর্মকর্তাগণ। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাইরে অন্যান্য মন্ত্রণালয়/দপ্তর/মাঠ পর্যায়ে কর্মকর্তাদের সেবাপ্রাপ্তি সহজ ও স্বচ্ছ করার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রনালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কাজ করে যাচ্ছে । সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ২০২২-২০২৩ এর অংশ হিসেবে এই কমিটি সেবা গ্রহীতাদের সচেতন করা ও সেবা প্রক্রিয়াকে স্বচ্ছ করার উদ্দেশ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মতবিনিময় সভা আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় আজ চলতি অর্থবছরে ২য় সভা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপিটি অনুবিভাগের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। সিপিটি অনুবিভাগের স্টেকহোল্ডার হিসেবে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি, বিয়াম ফাউন্ডেশন এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর উপযুক্ত প্রতিনিধিদের সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। এ পর্যায়ে সভাপতি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদেরকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সেবা সম্পর্কে তাদের মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

৩। বিপিএটিসি'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত সেবা সন্তোষজনক এবং পূর্বের তুলনায় বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কাজের সমন্বয় অনেক ভালো। সেবা সংক্রান্ত বিষয়ে সমস্যা হলে সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করে তা নিষ্পত্তি করা হয়।

৪। এনএপিডি'র প্রতিনিধি সভাকে জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন সভায় অংশগ্রহণের সময় এনএপিডি'র প্রতিনিধিদের সচিবালয়ে প্রবেশের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে হয়। বিষয়টি সমাধানের জন্য তিনি জোর প্রদান করেন। পরিকল্পনা বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় ন্যস্ত হওয়ার পর এনএপিডি এর কার্যক্রম সম্প্রসারিত হয়েছে এবং কাজের গতি বৃদ্ধি পেয়েছে মর্মে তিনি জানান। এ মন্ত্রণালয়ের সেবায় তারা সন্তুষ্ট মর্মে উল্লেখ করেন।

৫। বিসিএস প্রশাসন একাডেমির প্রতিনিধি জানান যে, বিসিএস প্রশাসন একাডেমি কর্তৃক প্রতি বছর প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রশিক্ষণের জন্য যে যে কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করা হয় তাদের মধ্যে হতে সকলে প্রশিক্ষণে অংশগ্রহণ করেন না। এতে লক্ষ্যমাত্রা অর্জনে সমস্যা দেখা দেয়। এ বিষয়ে দীর্ঘমেয়াদি পরিকল্পনা থাকা প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। বিসিএস প্রশাসন একাডেমি জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় সহায়তা পেয়ে থাকে। একটি দক্ষ প্রশিক্ষক পুল তৈরি করার বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন।

৬। বিয়াম ফাউন্ডেশন এর প্রতিনিধি জানান যে, বিয়াম ফাউন্ডেশন জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কাঙ্ক্ষিত সেবা পেয়ে থাকে। সেবা প্রাপ্তির ক্ষেত্রে কোন সমস্যা হলে যোগাযোগ করে তা সমাধান করা হয়। কর্মকর্তাদের নিকট হতে সহযোগিতা পাওয়া যায় মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সেবার প্রতি সন্তোষজনক মতামত ব্যক্ত করেন।

৭।  সভাপতি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মতামত ও প্রস্তাবের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আশ্বাস প্রদান করেন। তিনি উল্লেখ করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন সেবার মানোন্নয়নের বিষয়ে তৎপর রয়েছে। সিপিটি অনুবিভাগের স্টেকহোল্ডারদের নিয়ে এরূপ সভা নিয়মিত আয়োজন করার বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন।

৮। সিদ্ধান্তসমূহঃ

বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

(ক) দপ্তর/সংস্থার প্রতিনিধিদের কোনো সভায় আমন্ত্রণ জানানো হলে আমন্ত্রিত কর্মকর্তাদের সচিবালয়ে প্রবেশের সুবিধার্থে পূর্ব হতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ নিশ্চিত করা অথবা গেট পাশ ইস্যু নিশ্চিত করতে হবে।

(খ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা পূরণের সুবিধার্থে বিভিন্ন প্রশিক্ষণে মনোনয়ন প্রদানের লক্ষ্যে দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

(গ) প্রশিক্ষক পুল গঠনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

(ঘ) সেবাপ্রাপ্তির ক্ষেত্রে কোন সমস্যা বা দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হলে উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে সরাসরি যোগাযোগ করার জন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রতিনিধিদের পরামর্শ প্রদান করা হলো।

৯।  সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.০৩.২৩

ড. মো. সহিদউল্যাহ

অতিরিক্ত সচিব (সিপিটি)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.১৬.০০৪.২২- ৪৭

০৯ চৈত্র ১৪২৯

তারিখ:---------------------

২৩ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) রেক্টর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি

২) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৩) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

৪) মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৫) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৮) উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৯) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

১২) ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটি অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব, সিপিটি মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোহাম্মদ শওকত আলী

উপসচিব